# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**04 MAY 2026** **7:45—7:55 PM**

---

(১) আসাম বিধানসভার নির্বাচনের ফলাফলে বিজেপির নিরঙ্কুশ সংখ্যা গরিষ্ঠতা লাভের দিকে অগ্রসর/ রাজ্যে পুনরায় এন ডি এ মিত্রজোটের সরকার গঠনের পথ প্রশস্ত/

(২) নির্বাচনী ফলাফলে বিরোধীদের শোচনীয় পরাজয়। গৌরব গগৈ সহ বিরোধীদের বহু শীর্ষনেতা পরাস্ত/

(৩) বরাক উপত্যকার তেরোটি আসনের মধ্যে বিজেপি ন'টি এবং কংগ্রেস চারটি আসনে বিজয়ী/

---------------------------------------------------------------------------------

আসাম বিধাসনভা নির্বাচনের ফলাফলে বিজেপি নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা লাভের দিকে অগ্রসর হচ্ছে, রাজ্যে পুনরায় এনডিএ মিত্র জোটের সরকার গঠনের পথ প্রশস্ত হয়েছে।

---------------------------------------------------------------------------------

১২৬ সদস্য বিশিষ্ট আসাম বিধানসভার এপর্যন্ত ঘোষিত ১১১ টি আসনের মধ্যে বিজেপি ৮২ টি, বিপিএফ ১০ টি, কংগ্রেস পাঁচটি, অসমগণ পরিষদ পাঁচটি এবং এ আই ইউ ডি এফ দল ২ টি, রাইজর দল একটি এবং তৃণমূল কংগ্রেস একটি আসনে জয়লাভ করেছে ।

কাছাড় জেলার ১৩ আসন সহ এপর্যন্ত ঘোষিত আসনে ভারতীয় জনতা পার্টির বিজয়ীদের মধ্যে রয়েছে - অভয়াপুরী আসনে ভূপেন রায়, পলাশবাড়ি আসনে হিমাংশু শেখর বৈশ্য, রঙ্গিয়া আসনে ভবেশ কলিতা, কমলপুর আসনে দিগন্ত কলিতা, মাকুম আসনে সঞ্জয় কিষাণ, ডিগবয় আসনে সুরেশ ফুকন, খোয়াং আসনে চক্রধর গগৈ, ডিমৌ আসনে সুশান্ত বরগোহাই, দুধনৈ আসনে টঙ্কেশ্বর রাভা, বকো-ছয়গাও আসনে রাজু মেষ, দিসপুর আসনে প্রদ্যোৎ বরদলৈ, গুয়াহাটি (সেন্ট্রাল) আসনে বিজয় কুমার গুপ্তা,

বরক্ষেত্রী আসনে নারায়ণ ডেকা, তামুলপুর আসনে বিশ্বজিৎ দৈমারী, সিপাঝাড় আসনে পরমানন্দ রাজবংশী, মঙ্গলদৈ আসনে নীলিমা দেবী, মরিগাও আসনে রমাকান্ত দেউরী, ন'দুয়ার আসনে পদ্ম হাজারিকা, বিশ্বনাথ আসনে পল্লব লোচন দাস, গহপুর আসনে উৎপল বরা, বিহুপুরিয়া আসনে ভূপেন কুমার বরা, তিনসুকিয়া আসনে পুলক গোঁহাই, চাবুয়া-লাহোয়াল আসনে বিনোদ হাজারিকা, দুমদুমা আসনে রূপেশ গোয়ালা, ডিব্রুগড় আসনে প্রশান্ত ফুকন, দুলিয়াজান আসনে রামেশ্বর তেলী, নাহরকটিয়া আসনে তরঙ্গ গগৈ, সোনারী আসনে ধর্মেশ্বের কোঁয়র, নাজিরা আসনে ময়ূর বরগোহাই, মরিয়ানি আসনে রূপজ্যোতি কূর্মি, টিটাবর আসনে ধীরজ গোয়ালা, বোকাজান আসনে সূর্য রংফার, নিউ গুয়াহাটি আসনে দিপ্লু রঞ্জন শর্মা, দেড়গাও আসনে মৃদুল কুমার দত্ত, মার্ঘারিটা আসনে ভাস্কর শর্মা, সরুপাথার আসনে বিশ্বজিৎ ফুকন, গোলাঘাট আসনে রাজ্যের বর্তমান মন্ত্রী অজন্তা নেওগ, গোয়ালপাড়া (পশ্চিম) আসনে পবিত্র রাভা, মাহমরা আসনে সুরজ দিহিঙ্গিয়া, টিংখং আসনে বিমল বরা, নগাঁও-বটদ্রবা আসনে রূপক শর্মা, মাজুলী আসনে ভূবন গাম, যোরহাট আসনে হিতেন্দ্র নাথ গোস্বামী, খুমটাই আসনে মৃণাল শইকিয়া, টংলা আসনে বিকান চন্দ্র ডেকা, ধেমাজী আসনে রাজ্যের বর্তমান শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু, সিসিবড়গাঁও আসনে জীবন গগৈ, জোনাই আসনে ভূবন পেগু, বিহালী আসনে মুনীন্দ্র দাস এবং জাগীরোড আসনে পীযূষ হাজারিকা জয়ী হয়েছেন। এছাড়া বিপিএফ'এর হয়ে- মাঝবাট আসনে চরণ বড়ো, উদালগুড়িতে রিহন দৈমারী, ভেরগাওতে মহেশ্বর বড়ো, বাকসাতে মানেশ্বর ব্রহ্ম, মানস আসনে থানেশ্বর বসুমাতারি, সিদলি-চিরাংয়ে পানিরাম ব্রহ্ম এবং দ্যোতমা আসনে রবিরাম নার্জারি জয়ী হয়েছেন ।

কংগ্রেসের পাঁচজন বিজয়ী প্রার্থী হচ্ছেন- সামারিয়া আসনে রেকিব উদ্দিন আহমেদ, জলেশ্বরে আফতাব উদ্দুন মোল্লা, লাহরিঘাটে ডঃ আসিফ মোহম্মদ নজর, আলগাপুর-কাটলিছড়া আসনে জুবেইর এনাম মজুমদার, এবং সৃজন গ্রামে মোহম্মদ নুরুল ইসলাম ।

এবং এ আই ইউ ডি এফ'এর মুজিবুর রহমান দলগাঁও আসনে জয়ী হয়েছেন ।

এদিকে অসম গণ পরিষদের দখলে যাওয়া পাঁচটি আসন হচ্ছে- বোকাখাতে দলের সভাপতি অতুল বরা, বড়পেটায় দীপক কুমার দাস, ডিমোরিয়াতে ডঃ তপন দাস, কলিয়াবরে কেশব মহন্ত এবং তেজপুরে পৃথবিরাজ রাভা বিজয়ী হয়েছেন।

রাইজর দলের প্রার্থী মেহবুব মুক্তার ধিং আসনে এবং তৃণমূল কংগ্রেসের শেরমান আলী আহমেদ মান্ডিয়া আসনে জয়ী হয়েছেন ।

---

রাজ্যে এবারের বিধানসভা নির্বাচনে কংগ্রেস নেতৃত্বাধীন বিরোধী মিত্রজোট বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ মিত্রজোটের বিরুদ্ধে কঠিন প্রতিযোগিতায় অবতীর্ণ হলেও আশানুরূপ ফল পাওয়া যায়নি ।রাজ্যের মূল বিরোধী দল কংগ্রেস ১২৬ সদস্যের বিধানসভায় ১০০ টি আসনে প্রতিদ্বন্দিতা করেছিল । তবে দলটি এপর্যন্ত ঘোষিত আসনের মধ্যে ৮ টি আসনে জয়লাভ করেছে ।দলের পরাজিত প্রার্থীদের মধ্যে রয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি গৌরব গগৈ , বিধানসভার বিরোধী দলপতি দেবব্রত শইকিয়া , দলের প্রাক্তন সভাপতি রিপুন বরা প্রমুখ । বিরোধী মিত্রজোটের অন্যতম অংশীদার অসম জাতীয় পরিষদ দল একটি আসনেও জয়লাভ করতে পারেনি । দলটির সভাপতি লুরিনজ্যোতি গগৈ খোয়াং আসনে বিজেপি প্রার্থীর কাছে পরাজিত হয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলার তেরোটি আসনের মধ্যে কাছাড় জেলার সাতটির মধ্যে হাইলাকান্দি জেলার দুটিতেই এবং শ্রীভূমি জেলার চারটি আসনের ফলাফল ঘোষিত হয়েছে । অর্থাৎ তেরোটি আসনের মধ্যে সবকটির ফল জানা গেছে তবে উত্তর করিমগঞ্জ ও দক্ষিণ করিমগঞ্জ দুটি আসনের ফল এখনো আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়নি ।ঘোষিত ফলাফল অনুযায়ি - ভারতীয় জনতা পার্টি- ৯’টিতে, ভারতীয় জাতীয় কংগ্রেস চারটি আসনে বিজয়ী হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

ধলাই আসনে বিজেপি প্রার্থী অমিয় কান্তি দাস ৪৪ হাজার ৪৬২ ভোটের ব্যবধানে তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেস প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থকে হারিয়ে বিজয়ী হয়েছেন। শ্রী দাস পেয়েছেন এক লক্ষ ৬৩৪ টি ভোট । এবং শ্রী পুরকায়স্থ পেয়েছেন- ৫৬ হাজার ১৭২ টি ভোট । প্রথমবার জয়লাভ করে শ্রী দাস আকাশবাণীকে বলেন--

#বাইট# (অমিয়)

বড়খলা আসনে বিজেপি প্রার্থী কিশোর নাথ তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেস প্রার্থী ডাঃ অমিত কালোয়ার থেকে ৩৬ হাজার ৬১৩ টি ভোট বেশি পেয়ে জয়লাভ করেছেন । শ্রী নাথ পেয়েছেন এক লক্ষ দুই হাজার ৭৭৫ টি ভোট। এবং শ্রী কালোয়ার পেয়েছেন ৬৬ হাজার ১৬২ টি ভোট । এই আসনে তৃতীয় স্থানে রয়েছেন নির্দল প্রার্থী অমলেন্দু দাস। তিনি পেয়েছেন- ৩ হাজার ৭১৩টি ভোট । এদিকে, এক লক্ষেরও বেশি ভোটে জয়ী হয়ে শ্রী নাথ নিজের প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন--

#বাইট# (কিশোর)

উধারবন্দ বিধানসভা আসনে  বিজেপি প্রার্থী রাজদীপ গোয়ালা জয়লাভ করেছেন । তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেস প্রার্থী অজিত সিংহের থেকে ৫৫ হাজার ৪৬৪ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন । । শ্রী গোয়ালা পেয়েছেন এক লক্ষ ৩ হাজার ৩৩১ টি ভোট এবং শ্রী সিং পেয়েছেন ৪৭ হাজার ৮৬৭ টি ভোট । এই আসনে দুহাজার ২৯১ ভোট পেয়ে তৃণমূল কংগ্রেস প্রার্থী তাপস দাস তৃতীয় স্থানে রয়েছেন । প্রথমবার জয়লাভ করে শ্রী গোয়ালা বলেন,

#বাইট# (রাজদীপ গোয়ালা)

লক্ষ্মীপুর আসনে বিজেপি প্রার্থী- রাজ্যের বর্তমান মন্ত্রী কৌশিক রাই বিজয়ী হয়েছেন । তিনি ৯৯ হাজার ৪০১ ভোটে তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের ডাঃ শান্তি কুমার সিংহকে পরাজিত করেছেন । এই আসনে শ্রী রাই পেয়েছেন- এক লক্ষ ২৫ হাজার ৩০২টি ভোট । এবং ডাঃ সিংহ পেয়েছেন ২৫ হাজার ৯০১ টি ভোট। শ্রী রাই তার প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, বাইট - কৌশিক

শিলচর আসনে প্রাক্তন সাংসদ- বিজেপি প্রার্থী ডা.রাজদীপ রায় জয়ী হয়েছেন । তিনি তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের প্রার্থী অভিজিৎ পালের থেকে ৫৩ হাজার ৯৯৭ ভোট বেশি পেয়ে জয়লাভ করেছেন । এই আসনে ডা. রায় পেয়েছেন- এক লক্ষ ১০ হাজার ৭৫৮ টি ভোট । এবং শ্রী পাল পেয়েছেন ৫৬ হাজার ৭৬১টি ভোট। ডা: রায় নিজের জয়ে খুশি ব্যক্ত করে বলেন। বাইট

সোনাই আসনে কংগ্রেস প্রার্থী আমিনূল হক লস্কর ২৭ হাজার ১৭০ ভোটে অসম গণ পরিষদের করিম উদ্দিন বড়ভূইয়াকে পরাজিত করেছেন। শ্রী লস্কর পেয়েছেন - ৬২ হাজার ৭৮৭ টি ভোট।

কাটিগড়া আসনে বিএেপি প্রার্থী কমল্যা দে পুরকায়স্থ ৩৭ হাজার ৬৮০ ভোরে তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের অমরচান্দ জৈনকে পরাজিত করেছেন। শ্রী দে পুরকায়স্থ পেয়েছেন ১ লক্ষ ১০ হাজার ৭৫৮ ভোট। এবং শ্রী জৈন পেয়েছেন ৭৩ হাজার ৭৮ টি ভোট।

---

শ্রীভূমি  জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রে  বিজেপি প্রার্থী কৃষ্ণেন্দু পাল ৪৬ হাজার ৭৬৪ ভোটে কংগ্রেস প্রার্থী কার্তিক সেনা সিনহাকে পরাজিত করেছেন । শ্রী পাল ৯৮ হাজার ১০১ টি ভোট পেয়েছেন ।  এই আসনে কংগ্রেস প্রার্থী কার্তিক সেনা সিনহা পেয়েছেন ৫১ হাজার ৩৩৭টি ভোট ।

অন্যদিকে দক্ষিণ করিমগঞ্জ আসনে কংগ্রেস প্রার্থী আমিনুর রশিদ চৌধুরী জয়ী হয়েছেন । তিনি তাঁর নিকটতম প্রার্থী অসম গণ পরিষদ দলের প্রার্থী ইকবাল হোসেনকে ৮৫ হাজার ১৬২ ভোটের ব্যাবধানে পরাজিত করেছেন । তিনি পয়েছেন ১ লক্ষ ৩৪ হাজার ৭২৭ টি ভোট । এই আসনে অসম গণ পরিষদ দলের প্রার্থী ইকবাল হোসেন পেয়েছেন ৪৯ হাজার ৫৬৫ টি ভোট । এই আসনে তৃনমূল কংগ্রেস প্রার্থী ৩৯ হাজার ৪১৪ টি ভোট পেয়ে তৃতীয় স্থানে রয়েছেন ।
উত্তর-করিমগঞ্জ আসনে কংগ্রেস প্রার্থী জাকারিয়া আহমেদ তাঁর নিকটতম প্রতিদ্বন্দী বিজেপি প্রার্থী সুব্রত ভট্টাচার্যকে ১১ হাজার ৬৯৬ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন ।
কংগ্রেস প্রার্থী জাকারিয়া আহমেদ পেয়েছেন ১ লক্ষ ২১ হাজার ৫৬ টি ভোট ।
এই আসনে বিজেপি প্রার্থী সুব্রত ভট্টাচার্য পেয়েছেন ৯৪ হাজার ৪৬০ টি ভোট । তবে এই দুটি আসনের ফলাফল আনুষ্ঠানিকভাবে ঘোষণা হয় নি।

রামকৃষ্ণনগর বিধানসভা আসনে বিজেপি প্রার্থী বর্তমান বিধায়ক বিজয় মালাকার জয়ী হয়েছেন । তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের সুরুচি রায় থেকে ৮৩ হাজার ৭৬৫ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন । তাঁর প্রাপ্ত ভোট হচ্ছে ১ লক্ষ ৩৪ হাজার ১৩ । এই আসনে কংগ্রেস প্রার্থী সুরুচি রায় পেয়েছেন ৫০ হাজার ২৪৮ টি ভোট ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার দুটি আসনের মধ্যে একটিতে কংগ্রেস ও একটি আসনে বিজেপি জয়ী হয়েছে। হাইলাকান্দি আসনে বিজেপি প্রার্থী ড.মিলন দাস তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের রাহুল রায় থেকে ৫৫ হাজার ৮১৭ ভোট বেশী পেয়ে জয়ী হয়েছেন । এই আসনে বিজেপি প্রার্থী ড.মিলন দাস পেয়েছেন ১ লক্ষ ১৯ হাজার ৫৯১ টি ভোট এবং কংগ্রেস প্রার্থী রাহুল রায় পেয়েছেন ৬৩ হাজার ৭৭৪ টি ভোট ।

অন্যদিকে আলগাপুর -কাটলীছড়া আসনে কংগ্রেস প্রার্থী জুবের এনাম মজুমদার ১ লক্ষ ৫ হাজার ৪৪৮ ভোটে জয়লাভ করেছেন । তিনি পেয়েছেন ১ লক্ষ ৪৫ হাজার ৬৬১ টি ভোট এবং অসম গণ পরিষদ দলের প্রার্থী জাকির হুসেন লস্কর পেয়েছেন ৪০ হাজার ২১৩ টি ভোট । নির্দল প্রার্থী নিজামুদ্দিন চৌধুরী তিন হাজার ৩৯১টি ভোট পেয়ে তৃতীয় স্থানে রয়েছেন ।

-------------------------------------------------------------------------------------